দৈনিক খবর

তারিখ ... 19 NOV 1990
পৃষ্ঠা ... ২ ... কলাম ... 2 ...

39

# ওরা কথা বলে না, শুধু মুচকি হাসে

॥ খবর রিপোর্ট ॥

ভেড়াগুলো যায় কোথায়?

মহানগরী ঢাকায় যারা ভেড়ার পাল নিয়ে আসে, তারা কোন কথা বলে না। প্রশ্ন শুনে কেবল মুচকি হাসে। রাস্তায়

শেষ পৃষ্ঠায় ৭ম কলামে

## ওরা কথা বলে না

প্রথম পৃষ্ঠার পর

ভেড়াগুলো ভ্যা ভ্যা করে চিৎকার করে, এদিক/ওদিক ছুটে পালাতে চায়। ভেড়ার ব্যাপারীরা রশি হাতে ভেড়ার পালকে টেনে ধরে চলে যায়।

ঠিক কখন, কোন্ গলির মধ্যদিয়ে ব্যাপারীরা ঢুকে পড়ে অদৃশ্য হয়ে যায়, বোঝা যায় না। মহানগরীর রাস্তায় হঠাৎ হঠাৎই গরু-ছাগলের পাশাপাশি ভেড়ার পালগুলোকে কেবল দেখা যায়। দেশের বিভিন্ন স্থান থেকে গাবতলী গরু-ছাগলের হাট হয়ে রাস্তা পেরুনো এসব ভেড়া শোনা যায় ছাগলের মাংসের সাথে মিশিয়ে বিক্রি করা হয়।

কিন্তু এ ব্যাপারে গরু-ছাগল জবাইখানার সীলসহ ভেড়ার মাংস বাজারে আসে না। যায় কোথায়? মাংসের বাজারে একসাথে দশ কসাই বলে ওঠে 'জানি না'। ভেড়ার মাংস বাজারে পাওয়া যায় না।

এরও মধ্যে দু'একজন বৃদ্ধ কসাই মাংস বিক্রেতা ভেড়ার ব্যাপারীদের মত ঠোঁটে হাসি ঝুলিয়ে বলে- মাংস চিনতে জানলে ছাগলের মধ্যেও ভেড়ার সন্ধান পাওয়া দুষ্কর কিছু নয়।